

## পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় - বৈপরীত্য রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৩. ৫. ৩৪. ধর্মধামের প্রতিবাদ প্রচারের শুরুতে না শেষে?

ইহুদি জাতির ধর্মীয় কর্মকাণ্ডর কেন্দ্রবিন্দু ছিল জেরুজালেমে অবস্থিত সদাপ্রভুর মন্দির বা ধর্মধাম (বাইতুল মোকাদ্দস!)। আর যীশুর ধর্মপ্রচারের শুরু ছিল জেরুজালেম থেকে প্রায় ৮০ কিলোমিটার উত্তরে গালিলে। এক পর্যায়ে তিনি জেরুজালেমে আগমন করে ধর্মধাম পবিত্র করেন। এটা তাঁর জীবনের প্রসিদ্ধতম ঘটনা। কিন্তু কখন ঘটেছিল সে ঘটনা? মথি, মার্ক ও লৃক লেখেছেন যে, যীশু তাঁর প্রচার জীবনের শেষ প্রান্তে, ক্রুশবিদ্ধ হওয়ার কয়েকদিন আগে জেরুজালেমের ধর্মধামে প্রবেশ করে তা পবিত্র করেন (মথি ২১/১২-১৩; মার্ক ১১/১২-১৮ এবং লূক ১৯/৪৫-৪৮)। কিন্তু যোহনের বর্ণনা অনুসারে যীশু তাঁর প্রচার কার্য শুরুই করেন এ কর্মটার মাধ্যমে ( যোহন ২/১৩-১৭)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14030

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন